**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/20/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল বিয়ার মাউন্টেন ব্রিজের শতবার্ষিকী উৎসব শুরু ঘোষণা করলেন

## *আইকনিক হাডসন ভ্যালির ঝুলন্ত সেতুটি 2024 সালে 100 বছরপূর্তি উদযাপন করবে*

## *1923 সালে নির্মাণ কাজ শুরু হওয়াকে উদযাপন করতে টাইম ক্যাপসুল উৎসর্গ করা হয়েছে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 2024 সালে আসন্ন বিয়ার মাউন্টেন ব্রিজের (Bear Mountain Bridge) শতবার্ষিকী উপলক্ষে উদযাপন শুরু হয়ে গেছে। এখন থেকে 2024 সালের ফল মৌসুম পর্যন্ত, হাডসন ভ্যালির সর্বাধিক পরিচিত কাঠামোগুলির একটিকে উদযাপন করার জন্য একাধিক ইভেন্ট ও উদ্যোগ গ্রহণ করা হবে, যার মধ্যে রয়েছে একটি শতবার্ষিকী ওয়েবসাইট, একটি তথ্যচিত্র ভিত্তিক চলচ্চিত্র এবং একটি আন্তর্জাতিক সেতু প্রকৌশল সম্মেলন। আজকে এই ঘোষণাটি করার জন্য একাধিক নেতৃবৃন্দ ও সম্প্রদায়ের সদস্য সেতুটিতে নিউ ইয়র্ক স্টেট সেতু কর্তৃপক্ষের (New York State Bridge Authority, NYSBA) সাথে যোগদান করে। এছাড়াও অংশগ্রহণকারীরা সেতুটির নির্মাণকাজ শুরু হওয়ার 100 বছর পার হওয়াকে চিহ্নিত করতে একটি টাইম ক্যাপসুল উৎসর্গ করেছে।

"আমাদের স্টেটকে রূপান্তরিত করেছে এমন বিশ্বমানের অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে নিউ ইয়র্কের দীর্ঘ ইতিহাস রয়েছে, এবং আজ পর্যন্ত এই লিগেসিটি অব্যাহত আছে," **গভর্নর হোকল বলেন।**"আমরা বিয়ার মাউন্টেন ব্রিজের শতবার্ষিকী স্মরণ উৎসব শুরু করতে যাচ্ছি, তাই আমি আশা করবো বাসিন্দা ও বেড়াতে আসা মানুষ সকলেই যাতে হাডসন ভ্যালির প্রিয় এই জিনিসটির গুরুত্বের কদর করা অব্যাহত রাখে।"

**লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন,** "বিয়ার মাউন্টেন ব্রিজটি অনেক প্রজন্ম ধরে দাঁড়িয়ে আছে, এটি নর্থইস্টের সেরা কিছু আউটডোর বিনোদনের জন্য গেটওয়ে হিসেবে কাজ করে এবং স্থানীয় ও পর্যটক উভয়ের জন্য একটি অত্যাবশ্যকীয় রুট হিসেবে কাজ করছে। আমরা যখন এর শতবার্ষিকী পালন করছি, তখন আমাদের মনে রাখা উচিত অতীত, বর্তমান, ভবিষ্যতের আমাদের মত নিউ ইয়র্কবাসীদের কথা, যারা বড় স্বপ্ন দেখেছিলো, আমাদের সম্প্রদায়সমূহ নির্মাণ করেছিলো, যারা অসম্ভবকে সম্ভব করেছে, এবং যাদের কারণে এই স্থানটির 'দ্য এম্পায়ার স্টেট ' নামকরণ সার্থক হয়েছে।"

26 নভেম্বরে, 1924 তারিখে বিয়ার মাউন্টেন ব্রিজটি নিবেদন করা হয়। এটি ছিলো সেই সময়ের জন্য একটি যুগান্তকারী প্রকৌশলী অর্জন, এটি ছিল অ্যালবানির দক্ষিণে হাডসন নদীর উপরের প্রথম যান চলাচলকারী সেতু এবং কংক্রিট ডেকসহ প্রথম ঝুলন্ত সেতু। এছাড়াও, স্বল্প সময়ের জন্য এটি "কেন্দ্রীয় স্প্যানের উপর ঝুলন্ত বিশ্বের দীর্ঘতম সেতুর" খেতাব পেয়েছিলো। অনেকের মতে বিয়ার মাউন্টেন ব্রিজের উদ্ভাবনসমূহের দ্বারা অনুপ্রাণিত হয়ে নিউ ইয়র্ক স্টেট এবং সারা দেশে পরবর্তী বছরগুলিতে অনেক সেতু নির্মিত হয়।

মূল সেতুটি নির্মাণ করেছিলো বেসরকারি এন্টারপ্রাইজ বিয়ার মাউন্টেন হাডসন রিভার ব্রিজ কোম্পানি (Mountain Hudson River Bridge Company), বিশিষ্ট হ্যারিম্যান পরিবারের সাথে এর সংশ্লিষ্টতা ছিলো যারা বিয়ার মাউন্টেন স্টেট পার্ক (Bear Mountain State Park) এবং নিকটস্থ সরকারি ভূমি সংরক্ষণে সাহায্য করেছিলো। 1923 সালের বসন্তে এর নির্মাণ শুরু হয় এবং তা 20 মাস চলে কোনও প্রাণহানি ছাড়াই শেষ হয়। খুলে দেওয়ার পর থেকে, সেতুটি সেই সময়ে ক্রমশ জনপ্রিয় হতে থাকা অটোমোবাইল ব্যবহারকারীদেরকে কাছের স্টেট পার্ক পর্যন্ত আরো সরাসরি একটি সংযোগ প্রদান করে।

1924 সালে সেতুটি খুলে দেওয়ার সময়, একটি যাত্রীবাহী গাড়ির আসা যাওয়ার টোল ছিল 1.60 মার্কিন ডলার, সাথে যাত্রীদের জন্য সারচার্জ। 1 মে, 2023 তারিখ থেকে, E-Zপাশ (E-ZPass) চালকদের জন্য আসা যাওয়ার টোল হবে 1.65 মার্কিন ডলার এবং টোলস বাই মেইল (Tolls by Mail) গ্রাহকদের জন্য 2.15 মার্কিন ডলার, যাত্রীসংখ্যা নির্বিশেষে।

1940 সালের সেপ্টেম্বর মাসে, নিউ ইয়র্ক স্টেটের সেতু কর্তৃপক্ষ সেতুটিকে অধিগ্রহণ করে, যা বর্তমানে NYSBA’র সর্বদক্ষিণের সেতু। 2018 সালে, পার্পল হার্ট প্রাপকদের সম্মানে এবং এলাকার সমৃদ্ধ সামরিক ইতিহাসের স্বীকৃতিস্বরূপ সেতুটি "পার্পল হার্ট ভেটেরান্স মেমোরিয়াল (Purple Heart Veterans Memorial)" বিয়ার মাউন্টেন ব্রিজের আনুষ্ঠানিক আখ্যা লাভ করে।

ব্রিজটি চারটি কাউন্টির সংযোগস্থলে অবস্থিত। নদীর পশ্চিম পাশে অরেঞ্জ এবং রকল্যান্ড এবং পূর্ব পাশে ওয়েস্টচেস্টার এবং পুটন্যাম। বছরে 7 মিলিয়নের বেশি যান চলাচলের পাশাপাশি, সেতুটি অ্যাপালাশিয়ান ট্রেইলের (Appalachian Trail) জন্য হাডসন নদী পারাপারের পয়েন্ট, ট্রেইলটি জাতীয় হাইকিং রুট যা মেইন এবং জর্জিয়ার মধ্যে 2,000 মাইলের বেশি জুড়ে আছে।

**নিউ ইয়র্ক স্টেটের সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক ডাঃ মিনোস্কা অ্যালকান্ট্রা বলেন,** "নির্মাণের এক শতক পরেও বিয়ার মাউন্টেন ব্রিজটি হাডসন নদীর উপর গর্বের সাথে টিকে আছে এবং এর কৃতিত্ব সেতু কর্তৃপক্ষের প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ কর্মসূচি। দিন শেষে, শতবার্ষিকীর এই উদযাপন হবে সেই সব পরিশ্রমী নারী পুরুষের জন্য যারা এই সেতুটিকে নির্মাণ, রক্ষণাবেক্ষণ এবং সুরক্ষা প্রদান করেছে যাতে করে এটি হাডসন ভ্যালির সেবায় একটি নতুন শতকে প্রবেশ করতে পারে।"

**নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিসের (New York State Office of Parks, Recreation and Historic Preservation) কমিশনার এরিক কুলেসিড বলেন,** "প্রতিদিন মানুষকে পরিবার, বন্ধু ও সহকর্মীদের সাথে যুক্ত হতে সাহায্য করার

জন্য স্টেট পার্ক থেকে আমরা সেতু কর্তৃপক্ষকে অভিনন্দন জানাচ্ছি। আমরা তাদের কাজের উপর নির্ভর করি, তাদের প্রকৌশল দেখে মুগ্ধ হই এবং বিয়ার মাউন্টেনের যেই টাইম ক্যাপসুলটি আমাদেরকে পরবর্তী 100 বছরের সাথে যুক্ত করবে সেখানে অন্তর্ভুক্ত হতে পেরে আমরা কৃতজ্ঞ।"

**নিউ ইয়র্ক স্টেটের সাধারণ পরিষেবা অফিসের (New York State Office of General Services, OGS) কমিশনার জিনেট ময় বলেন,** "বিয়ার মাউন্টেন ব্রিজের শতবার্ষিকী উদযাপন শুরু করতে সেতু কর্তৃপক্ষের সাথে যোগদান করার জন্য সাধারণ পরিষেবা অফিস আনন্দিত। টাইম ক্যাপসুলে OGS এর অবদানের মধ্যে রয়েছে একটি খবরের কাগজ এবং নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটলে বিচারক রুথ বেডার জিন্সবার্গের প্রতিকৃতির আসন্ন ইতিহাস সৃষ্টিকারী খোদাইয়ের সাথে জড়িত বেলেপাথরের একটি টুকরা। এই বস্তুগুলি নারী অধিকার আন্দোলনের জন্মস্থান হিসেবে নিউ ইয়র্কের অবস্থানকে সম্মান জানায় এবং আমাদের স্টেটের আইকনিক ল্যান্ডমার্কসমূহের রক্ষাকারী হিসেবে স্টেটের এজেন্সি ও কর্তৃপক্ষের অত্যাবশ্যকীয় ভূমিকার প্রতি শ্রদ্ধাঞ্জলি প্রদান করে।"

**নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের (New York State Department of Transportation, NYSDOT) কমিশনার বলেন ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন,** "বিয়ার মাউন্টেন ব্রিজটি নির্মাণের সময় এটি প্রকৌশলের একটি চমক ছিলো, এবং আমরা যে এর শতবার্ষিকী পালন করছি তা প্রমাণ করে যে স্থিতিস্থাপক, টেকসই অবকাঠামো দ্বারা কী কী অর্জন করা যায়। ঐতিহাসিক এই সেতুটি হাডসন ভ্যালির ল্যান্ডস্কেপের একটি দুর্দান্ত অংশ হয়ে উঠেছে এবং শতক-দীর্ঘ এই অর্জনটি একটি টাইম ক্যাপসুল দ্বারা সম্মান জানানোর মাধ্যমে আমরা প্রকৌশল উদ্ভাবনের ক্ষেত্রে আগামী 100 বছরের ভিত্তি স্থাপন করে দিচ্ছি।"

**নিউ ইয়র্ক স্টেটের সেতু কর্তৃপক্ষের কমিশনার বোর্ডের প্রধান জোয়ান ম্যাকডোনাল্ড বলেন,** "1940 সালে সেতু কর্তৃপক্ষ কর্তৃক এই সেতুর মালিকানা গৃহীত হওয়ার পর থেকে, NYSBA কমিশনার বোর্ড বিয়ার মাউন্টেনকে হাডসন ভ্যালির বাসিন্দা ও এখানে বেড়াতে আসা মানুষের জন্য একটি নিরাপদ, নির্ভরযোগ্য, এবং সাশ্রয়ী নদী পারাপার ব্যবস্থা হিসেবে নিশ্চিত করে রাখতে কাজ করে গেছে। এই টাইম ক্যাপসুলটি উৎসর্গ করার পাশাপাশি 100 বছর পরেও যাতে যাত্রীরা প্রিয় এই স্প্যান এবং এটি সুন্দর যেই অবস্থানে অবস্থিত তা উপভোগ করে যেতে পারে তা নিশ্চিত করার জন্য এই মিশনের প্রতি আমরা নিজেদের পুনরায় প্রতিশ্রুতিবদ্ধ করবো।"

**কংগ্রেসম্যান মাইক ললার বলেন,** "বিয়ার মাউন্টেন ব্রিজের শতবার্ষিকী পূর্তি উদযাপন করার সময় লোয়ার হাডসন ভ্যালির জন্য আইকনিক এই ল্যান্ডমার্কটি কী বিপুল গুরুত্ব ধারণ করে আমরা তার স্বীকৃতি জানাচ্ছি। অরেঞ্জ, রকল্যান্ড, ওয়েস্টচেস্টার, ও পুটন্যাম কাউন্টিগুলির মধ্যে এটি একটি অত্যাবশ্যকীয় সংযোগ হয়ে আছে, যা এক শতক ধরে সম্প্রদায়সমূহকে সংযুক্ত করে রেখেছে হাডসন ভ্যালির অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রতিপালন করছে। বিয়ার মাউন্টেন ব্রিজ সত্যিই সময়ের পরীক্ষা অতিক্রম করতে পেরেছে এবং আমরা আশা করছি যে এটি আরো বহু বছর ধরে আমাদের অঞ্চলকে সেবাদান করবে।"

**স্টেটের সিনেটর পিট হারখ্যাম বলেন,** "একটি টাইম ক্যাপসুল হলো ভবিষ্যৎ প্রজন্মের সাথে আমাদের সরাসরি যোগাযোগ, তাদেরকে আমাদের অর্জন, আশা, স্বপ্ন সম্পর্কে এবং সেই সাথে আমাদের সময়ের একটি ঝলক তাদেরকে জানানো। আগামীদিনের নিউ ইয়র্কবাসীকে সাহায্য করার জন্য তৈরি করা স্টেটের সিনেটের গুরুত্বপূর্ণ কিছু প্রচেষ্টাকে টাইম ক্যাপসুলে অন্তর্ভুক্ত করার জন্য নিমন্ত্রণ পেয়ে আমি সম্মানিত বোধ করছি।"

**স্টেটের সিনেটর রবার্ট জি. রলিসন বলেন,** "বিয়ার মাউন্টেন ব্রিজটি প্রায় এক শতক ধরে মানুষ ও পণ্য আনা নেওয়া করছে। ঐতিহাসিক এই স্প্যানটি আমাদের নাগরিকদের সেবাদান করে এবং একইসাথে এখান থেকে হাডসন হাইল্যান্ড ও এর পরিবেশের মনোমুগ্ধকারী দৃশ্য দেখা যায়। আমাদের হাডসন ভ্যালি অঞ্চলের চারটি কাউন্টির মধ্যকার একটি অতি গুরুত্বপূর্ণ সংযোগ প্রদনাকারী NYSBA এর সর্বদক্ষিণের স্প্যানটিকে নিরাপদ ও রক্ষণাবেক্ষণ করে রাখে যেইসব নারী পুরুষ, আমি তাদের প্রতি কৃতজ্ঞ," বলেন সিনেটর রবার্ট রলিসন।"

**অ্যাসেম্বলিওম্যান ডানা লেভেনবার্গ বলেন,** "অত্যন্ত বিশেষ এই টাইম ক্যাপসুলে কিছু অন্তর্ভুক্ত করতে পেরে বিয়ার মাউন্টেন ব্রিজের 100 বছর পূর্তি উদযাপন করতে পেরে আমি আনন্দিত। পার্পল হার্ট ভেটেরানদের এবং এই অঞ্চলে সেতুটির গুরুত্বের স্বীকৃতি দিয়ে যেই আইনটি এই সেতুকে পার্পল হার্ট ভেটেরান্স মেমোরিয়াল বিয়ার মাউন্টেন ব্রিজ হিসেবে আখ্যা দিয়েছে, আমার পূর্বসূরি অ্যাসেম্বলিওম্যান স্যান্ডি গালেফ সেটি স্পন্সর করেছিলেন। আমি আশা করছি যে যথাযথ তহবিল ও যত্ন পেয়ে সেতুটি আগামী আরো অনেক বছর ধরে কার্যকর থাকবে।"

**পুটন্যাম কাউন্টি নির্বাহী কেভিন বাইর্ন বলেন,** "বিয়ার মাউন্টেন ব্রিজ আমার হৃদয়ে একটি বিশেষ স্থান দখল করে রেখেছে। আমি বিশ্বাস করি এখানেই পুরো হাডসন ভ্যালির মধ্যে সবথেকে সুন্দর দৃশ্য দেখা যায় এবং এখানেই আমি আমার স্ত্রীকে বিয়ের প্রস্তাব দিয়েছিলাম। সত্যিই এটি উদযাপন করার মতো একটি ল্যান্ডমার্ক এবং আমি জানি নিয়মিত সেতুটি ব্যবহার করা পুটন্যাম কাউন্টির বাসিন্দারা এর মহিমার কদর করে।"

**রকল্যান্ড কাউন্টি নির্বাহী এড ডে বলেন, "**হাডসন ভ্যালি অঞ্চলকে সংযুক্তকারী বিয়ার মাউন্টেন ব্রিজ নির্মাণের 100 বছর পূর্তির উদযাপনের সূচনা হিসেবে আজকে টাইম ক্যাপসুল উৎসর্গ করার সময় এখানে থাকতে পেরে আমি অতি আনন্দিত। রকল্যান্ড কাউন্টি ট্র্যাভেল গাইডের সর্বশেষ সংস্করণটি ক্যাপসুলে অন্তর্ভুক্ত করা হবে, এবং এখন থেকে আরো 100 বছর পর আমাদের কীভাবে বিবর্তিত হয় তা দেখা আগ্রহজনক হবে। রকল্যান্ডের অধিবাসীদের পক্ষ থেকে বলছি, সময়ের বিশেষ এই ঐতিহাসিক মুহূর্তের একটি অংশ হতে পেরে রকল্যান্ড কাউন্টি গর্বিত।"

**ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ লাটিমার বলেন,** "বিয়ার মাউন্টেন ব্রিজের শতবার্ষিকী উদযাপন শুরু করার মাধ্যমে আমরা আইকনিক এই কাঠামোটি নির্মাণের নেপথ্যের নির্মাণকুশলতা ও পরিশ্রমকে সম্মান জানাচ্ছি। সেতুটি ওয়েস্টচেস্টার কাউন্টিকে অন্যান্য সম্প্রদায়ের সাথে যুক্ত করেছে এবং বহু প্রজন্মের জন্য বাণিজ্যের প্রতিপালন করেছে। এক শতক ধরে এটি স্থিতিস্থাপকতা ও প্রবৃদ্ধির একটি প্রতীক হিসেবে কাজ করেছে। যেই সংকল্প এবং

উদ্ভাবন দিয়ে এই অসাধারণ সেতুটি নির্মিত হয়েছে, চলুন আমরা ভবিষ্যতের দিকে এগিয়ে যাই।"

**অরেঞ্জ কাউন্টি নির্বাহী স্টিভেন এম. নিয়াহাউজ বলেন,** "বিয়ার মাউন্টেন ব্রিজের 100 বছর পূর্তির স্বীকৃতিস্বরূপ এই টাইম ক্যাপসুলটির থেকে ভালো আর কিছুই হতে পারতো না। সেতুটি হাডসন ভ্যালির দুর্দান্ত একটি সম্পদ এবং এটি থেকে সুন্দর দৃশ্য দেখা যায়। টাইম ক্যাপসুলটি যখন খোলা হবে তখন বিয়ার মাউন্টেন ব্রিজকে যাতে সবাই মনে করতে পারে তা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটের সেতু কর্তৃপক্ষকে সমর্থন করার জন্য অরেঞ্জ কাউন্টি তৈরি।"

**হিস্টোরিক ব্রিজেস অফ দ্য হাডসন ভ্যালির (Historic Bridges of the Hudson Valley) নির্বাহী পরিচালক ক্যাথরিন বার্ক বলেন,** "বিয়ার মাউন্টেন ব্রিজের আইকনিক কাঠামোর ইতিহাস অধ্যয়ন করে আমরা যা শিখেছি তা হলো 1940 সাল থেকে সেতু কর্তৃপক্ষ যে সুন্দর এই সেতুটির পরিচালনা ও রক্ষণাবেক্ষণ দারুণভাবে করছে তার ফলেই বিয়ার মাউন্টেন ব্রিজ দারুণ অবস্থায় এর আগামী শতকে পদার্পণ করতে যাচ্ছে। দুর্দান্ত একটি সেতু বানানো কেবলই সূচনা; এটিকে দুর্দান্ত হিসেবে টিকিয়ে রাখাই হলো দারুণ অবকাঠামোর রাখার গোপন মন্ত্র।"

**পিকস্কিল সিটি স্কুল জেলার (Peekskill City School District) সুপারিন্টেনডেন্ট ডাঃ ডেভিড মরিসিও বলেন,** "পিকস্কিল শিক্ষা বোর্ড (Peekskill Board of Education) এবং আমার দলের পক্ষ থেকে, এই প্রকল্পে আমার শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করার জন্য আমি NYS সেতু কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাতে চাই। বিয়ার মাউন্টেন ব্রিজের শতবার্ষিকী উদযাপনে আমাদের হিলক্রেস্ট পণ্ডিতদের অংশগ্রহণ সত্যিই একটি সম্মানের ব্যাপার, বিশেষ করে যেহেতু একটি স্কুল জেলা হিসেবে আমরা আমাদের নিজেদের 100 বছর পূর্তিও উদযাপন করছি। বিয়ার মাউন্টেন ব্রিজ এবং আমাদের মহান স্কুল জেলার মধ্যকার ঐতিহাসিক এই সম্পর্কটি এই সত্যের মাধ্যমে অব্যাহত হবে যে আজকে থেকে একশত বছর পর আমাদের সন্তানদের চিঠি খোলা হবে। খুব বেশি মানুষ জানে না যে সেতুটির টোল হাউজ নির্মাণকারী স্থপতি অ্যান্টনিও রেঞ্জাই আমাদের বর্তমান প্রশাসনিক ভবনও তৈরি করেছেন, এবং সেই সাথে এক সময়ের পিকস্কিল হাই স্কুল, ড্রাম হিলও তিনি তৈরি করেছেন। আমাদের শিক্ষার্থীদের জন্য এটি শুধু স্থানীয় ইতিহাস শেখার নয়, বরং এর একটি অংশ হওয়ার জন্যও দারুণ একটি সুযোগ।"

**হিস্টোরিক ব্রিজেস অফ দ্য হাডসন ভ্যালির বোর্ড সদস্য টারা সালিভ্যান বলেন,** "এই হলো নিউ ইয়র্ক স্টেটের সেতু কর্তৃপক্ষের দীর্ঘদিনের অনুশীলন করা মন্ত্রের আইকনিক প্রতীক: 'বিলম্বিত রক্ষণাবেক্ষণ হলো রক্ষণাবেক্ষণ না করার সামিল।' স্বাধীন এই কর্তৃপক্ষের সর্বশ্রেষ্ঠ এবং অভিজ্ঞ কর্মীদের চলমান রক্ষণাবেক্ষণের নিবেদিত অনুশীলনের কল্যাণে বিয়ার মাউন্টেন ব্রিজটিকে একদম সেরা অবস্থায় রাখা সম্ভব হয়েছে। পরবর্তী 100 বছরের দিকে আমরা এগিয়ে যাচ্ছি এবং ঐতিহাসিক এই অর্জনকে একটি টাইম ক্যাপসুল দ্বারা স্মৃতিচারণ করার জন্য NYSBA এর প্রশংসা করতেই হচ্ছে।"

**টাইম ক্যাপসুল উৎসর্গ**

সেতুর নির্মাণ কাজ শুরু হওয়ার পর থেকে 100 বছর পার হওয়ার সম্মানে আজকে NYSBA এর নেতৃবৃন্দ অন্যান্য স্টেট এজেন্সি, নির্বাচিত কর্মকর্তা, এবং সম্প্রদায়ের সদস্যদের সাথে সেতুতে যোগ দিয়ে একটি টাইম ক্যাপসুল উৎসর্গ করেছেন। ক্যাপসুলে বেশ কয়েকটি বস্তু ছিলো, যার মধ্যে আছে গভর্নর হোকল এবং লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডোর চিঠি, হ্যারিম্যান পরিবারের সাথে সম্পর্কিত শিল্পকর্ম, সেতুর লিখিত স্মৃতি, এবং সেতু কর্তৃপক্ষ ও হাডসন ভ্যালি এলাকা থেকে পাওয়া বিভিন্ন স্মারক। এছাড়া এখানে পিকস্কিলের হিলক্রেস্ট এলিমেন্টারি স্কুলের (Hillcrest Elementary School) গ্রেড 4 এর শিক্ষার্থীদের লিখিত চিঠি রয়েছে।

সবথেকে দীর্ঘ সময় NYSBA এ চাকরিরত জন ব্রুকস টাইম ক্যাপসুলটি সিল করে দেন। আলস্টার কাউন্টির বাসিন্দা জনাব ব্রুকস 1966 সালের সেপ্টেম্বরে মিড হাডসন ব্রিজের একজন টোল সংগ্রহকারী হিসেবে প্রথম কাজ শুরু করেন। 1997 সালে পূর্ণকালীন দায়িত্ব থেকে অবসরগ্রহণের পর, জনাব ব্রুকস নিউ ইয়র্কের হাইল্যান্ডে NYSBA এর সদর দপ্তরে একজন খণ্ডকালীন কর্মচারী হিসেবে রয়ে গেছেন, তিনি কর্তৃপক্ষের সেবায় 56 বছর নিবেদন করেছেন।

টাইম ক্যাপসুলটি সেতুর পশ্চিম অ্যাঙ্করেজে বসানো হবে এবং এটি এখন থেকে 100 বছর পর 2123 সালের এপ্রিল মাসে পুনরায় খোলা হবে। সেতুর ঐতিহাসিক প্রশাসনিক ভবনের বেজমেন্টে অবস্থিত স্থানটিতে রিকি ভাসেক বিয়ার মাউন্টেন ব্রিজ জাদুঘর (Richy Vacek Bear Mountain Bridge Museum) রয়েছে। অবসরপ্রাপ্ত সেতুর ফোরম্যানের স্মৃতিতে নামকরণ করা স্থানটিতে একটি ছোট জাদুঘর এবং শ্রেণীকক্ষের স্থান রয়েছে যা স্কুল এবং অন্যান্য গোষ্ঠীর জন্য অ্যাপয়েন্টমেন্ট করার ভিত্তিতে উপলভ্য থাকে।

## নতুন শতবার্ষিকী ওয়েবসাইট শুরু

সেতু কর্তৃপক্ষ সেতুটির 100 তম বর্ষপূর্তি উপলক্ষে একটি নতুন ওয়েবসাইট শুরু করেছে: www.bmb100.com। দর্শনার্থীরা শতবার্ষিকী সম্পর্কিত ইভেন্ট সম্পর্কে তথ্য পেতে, স্মৃতি শেয়ার করতে, এবং আর্কাইভের বিষয়বস্তু এখানে দেখতে পারবে। সব থেকে উল্লেখযোগ্য হলো, সাউথ ক্যারোলিনা ইউনিভার্সিটির (University of South Carolina) মুভিং ইমেজ রিসার্চ কালেকশনের (Moving Image Research Collection) সংরক্ষণ প্রয়াসের কল্যাণে 1924 সালের অক্টোবর মাসে গৃহীত সেতু নির্মাণের ফিল্ম ফুটেজ ওয়েবসাইটে দেখা যাবে।

শতবার্ষিকী সম্পর্কিত ইভেন্টসমূহের ব্যাপারে আরো বিস্তারিত উপলভ্য হওয়ার সাথে সাথে ওয়েবসাইটে পোস্ট করা হবে।

## নির্মাণাধীন তথ্যচিত্র

আনুমানিক এক ঘণ্টা দীর্ঘ একটি তথ্যচিত্র ভিত্তিক চলচ্চিত্রও নির্মাণাধীন রয়েছে। চলচ্চিত্র প্রকল্পটি হলো সেতু কর্তৃপক্ষ এবং অলাভজনক সংগঠন হিস্টোরিক ব্রিজেস অফ দ্য হাডসন ভ্যালি এবং SDS ইমেজারির (SDS Imagery) স্থানীয় ভিডিওগ্রাফার স্কট স্নেলের মধ্যকার একটি সহযোগিতামূলক প্রয়াস।

## হাডসন ভ্যালিতে আন্তর্জাতিক প্রকৌশল সম্মেলন আসছে

হাডসন ভ্যালিকে 2024 সালের আন্তর্জাতিক কেবল সমর্থিত সেতু পরিচালক সংগঠনের সম্মেলনের (International Cable Supported Bridge Operators Association, ICSBOA) অবস্থান হিসেবে নির্বাচিত করা হয়েছে। সম্মেলনের 12তম সংস্করণটি ওয়েস্ট পয়েন্টের মার্কিন যুক্তরাষ্ট্র মিলিটারি একাডেমিতে (United States Military Academy) 6-10 অক্টোবর, 2024 এ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। প্রত্যাশা করা যাচ্ছে যে এটি বিশ্বের বিভিন্ন স্থানের প্রকৌশলী ও সেতু পরিচালকদের একত্রিত করবে এবং বিয়ার মাউন্টেন ব্রিজের শতবার্ষিকীর বছরে এটিকে প্রদর্শন করবে।

ICSBOA এর উদ্দেশ্য হলো পরিচালনা এবং প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণের ব্যাপারে অন্তর্দৃষ্টি ও অভিজ্ঞতা আদান প্রদানের মাধ্যমে এর সদস্যদের কেবল সমর্থিত সেতুর অবকাঠামোর রক্ষণাবেক্ষণ ও তা টেকসই রাখতে সমর্থন করা। কেবল সমর্থিত সেতুর মধ্যে রয়েছে NYSBA এর বিয়ার মাউন্টেন ব্রিড এবং মিড-হাডসন ব্রিজের মতো ঝুলন্ত সেতু। সেরা অনুশীলনের আদান প্রদানের মূল ফোরামটি হয় আন্তর্জাতিক কেবল সমর্থিত সেতু পরিচালকদের সম্মেলনের মাধ্যমে, যা বিশ্বের বিভিন্ন অবস্থানে প্রতি দুই থেকে তিন বছরে একবার অনুষ্ঠিত হয়। সর্বশেষ ICSBOC অনুষ্ঠিত হয় জাপানের কোবেতে, 2022 সালে।

সম্মেলনটি NYSBA এবং হাডসন ভ্যালির জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ। যদিও 2013 সালে ICSBOA একটি সংগঠন হিসেবে আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত হয়, এই জমায়েত শুরু হয় 1991 সাল থেকে যখন NYSBA মিড হাডসন ব্রিজের এবং অন্যান্য কেবল সমর্থিত সেতুর ঝুলন্ত কেবল আরো শক্ত করার জন্য নিউ ইয়র্কের পাকিপ্সিতে 100 এর বেশি প্রকৌশলী এবং সেতুর মালিককে একত্রিত করে। বিয়ার মাউন্টেন ব্রিজকে ঘিরে দ্বিতীয় আরেকটি সম্মেলন অনুষ্ঠিত হয় 2000 সালে, এর পর থেকে প্রতি দুই বা তিন বছরে কেবার বিশ্বের বিভিন্ন অবস্থানে পরবর্তী সম্মেলনগুলি অনুষ্ঠিত হয়।

**নিউ ইয়র্ক স্টেট ব্রিজ কর্তৃপক্ষের সম্পর্কে**
নিউ ইয়র্ক স্টেট ব্রিজ কর্তৃপক্ষ বিয়ার মাউন্টেইন, নিউবার্গ-বিকন, মিড-হাডসন, কিংস্টন-রাইনক্লিফ এবং রিপ ভ্যান উইঙ্কল ব্রিজগুলি পরিচালনা করে। এছাড়া এটি ওয়াকওয়ে ওভার হাডসন পথচারী সেতুর মালিক এবং এর রক্ষণাবেক্ষণ করে।কর্তৃপক্ষটি পরিচালনার অর্থায়ন হিসেবে কোনও স্টেট বা ফেডারেল করের অর্থ পায় না, এবং এর রাজস্বের প্রায় পুরোটিই টোল থেকে আসে। কর্তৃপক্ষের বিস্তারের মধ্যে ক্যাপিটাল উন্নয়নকাজে টোল পুনরায় বিনিয়োগ করা হয়, যা নিশ্চিত করে যাতে আগামী অনেক দশকের জন্য অতি গুরুত্বপূর্ণ এই অবকাঠামোর অংশগুলি হাডসন ভ্যালিতে টিকে থাকতে পারে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন